
দৈনিক
জনকণ্ঠ

তারিখ 19 NOV 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৩



**মাদারীপুর :** ১৫ নং জাফরাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন —জনকণ্ঠ

# মাদারীপুরে স্কুল ভবন পরিত্যক্ত ॥ পাঠদান ব্যাহত

**নিজস্ব সংবাদদাতা, মাদারীপুর, ১৮ নবেম্বর ॥** সদর উজেলার জাফরাবাদ
সরকারী প্রাথমিক ব্রিদ্যালয়ের ভবন সংকটের কারণে খোলা আকাশের নিচে
শিশুদের পাঠদান চলছে। কমে যাচ্ছে স্কুলের শিক্ষার্থীদের সংখ্যা। বৈরী
আবহাওয়ার সময় বন্ধ থাকে শিশুদের পাঠদান। এই হলো এ এলাকার
প্রাথমিক শিক্ষার হাল। জানা গেছে, মাদারীপুর সদর উপজেলার ১৫ নং
জাফরাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয়টি ১৯২০ সালে প্রতিষ্ঠিত হয়।
বিদ্যালয়ে একটি মাত্র ভবন রয়েছে। এই ভবনের ৩টি শ্রেণী কক্ষে শিশুদের
পাঠদান কার্যক্রম কোনভাবে চলত। ৫ বছর আগে ভবনটির বিভিন্ন স্থানে
ফাটল ধরে। খসে পড়তে থাকে পলেস্তারা। দুই বছর আগে বিদ্যালয়ের এই
ভবনটি পুরোপুরি পরিত্যক্ত ঘোষণা করে কর্তৃপক্ষ। নতুন ভবনের জন্য বিভিন্ন
দফতরে দৌড়ঝাঁপ করেও কোন লাভ হয়নি। জেলা শিক্ষা অফিসের অত্যন্ত
ক্ষতিগ্রস্ত তালিকায় প্রথম দিকেই রয়েছে স্কুলটির নাম। জেলা শিক্ষা অফিস
থেকে প্রাথমিক শিক্ষা অধিদফতরে গত বছর ৫ অক্টোবর অগ্রাধিকার ভিত্তিতে
ভবন চেয়ে লিখিত আবেদনও করা হয়েছে। এতেও কিছু হয়নি। বর্তমানে
একটি ছাপরা ঘরেই চলছে শিশুদের পাঠদান। কিন্তু সেই ঘরটিও শিশুদের
পাঠদানের জন্য পর্যাপ্ত নয়।
তাই খোলা আকাশের নিচেই শিশুদের ক্লাস নেয়া হয়। বিদ্যালয়টিতে আগে
সাড়ে ৩শ ছাত্র-ছাত্রী লেখাপড়া করত। ভবনের জীর্ণদশার কারণে বর্তমানে
ছাত্রছাত্রী কমে দাঁড়িয়েছে আড়াই শ' জনে। বিদ্যালয়ের পরিত্যক্ত ভবনে
এখনও চলে অফিসিয়াল কার্যক্রম। তবে শিক্ষক ও শিক্ষার্থীরা থাকেন ভবন
ধসের আতঙ্কে। জাফরাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান
শিক্ষক রুমা আক্তার বলেন, স্কুলটিতে একটি মাত্র ভবন। তাও দুই বছর আগে
পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। আমরা বিভিন্ন দফতরে একাধিকবার
যোগযোগ করেও কোন লাভ পাইনি। বাচ্চাদের খোলা আকাশের নিচে
পাঠদান করতে হয়। বৈরী আবহাওয়ার কারণে মাঝে মধ্যেই পাঠদান বন্ধ
রাখতে হয়। এতে শিশুদের শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। মাদারীপুর জেলা
প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আব্দুল আলীম বিষয়টির সত্যতা স্বীকার করে
বলেন, স্কুলটির সমস্যার কথা জানিয়ে আমরা উর্ধতন কর্তৃপক্ষের কাছে চিঠি
দিয়েছি। আশা করি শীঘ্রই সমস্যার সমাধান হয়ে যাবে।